

স্মারক নং- ৪৬.০৪৯.০০২০.০২.০০.০০১.২০১৫-৯৬

তারিখঃ ২০ মার্চ ২০১৬ খ্রিষ্টাব্দ
৬ চৈত্র ১৪২২ বঙ্গাব্দ

পরিপত্র

বিষয়ঃ পুঞ্জীভূত অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ দ্রুত ও কার্যকরভাবে নিষ্পত্তির লক্ষ্যে পরিপত্র।


বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের দপ্তর থেকে প্রতি অর্থবছর স্থানীয় সরকার বিভাগের আওতাধীন বিভিন্ন সংস্থা/দপ্তর/অধিদপ্তর/প্রতিষ্ঠানসমূহের আর্থিক অনিয়মের কারণে অডিট আপত্তি উত্থাপিত হয়। কোন কোন ক্ষেত্রে প্রাপ্ত অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে যথাসময়ে কার্যকর উদ্যোগ গ্রহণ করা হয় না। ফলে প্রতিষ্ঠানসমূহের অডিট আপত্তির সংখ্যা ক্রমশঃ বৃদ্ধি পাচ্ছে। এ পুঞ্জীভূত আপত্তিসমূহ দ্রুততার সঙ্গে ও যথাসময়ে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ জরুরী। ভবিষ্যতে আপত্তির সংখ্যা যাতে বৃদ্ধি না পায় এবং নিরীক্ষাকালীন সময়ে যেন অডিট আপত্তি না হয় সে লক্ষ্যে কতিপয় নির্দেশনা অনুসরণ করা প্রয়োজন।

স্থানীয় সরকার বিভাগের আওতাধীন বিকেন্দ্রীভূত ৫(পাঁচ) টি স্তর তথাঃ- সিটি কর্পোরেশন, পৌরসভা, জেলা পরিষদ, উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদসমূহে বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের বিভিন্ন অধিদপ্তর হতে প্রতি বৎসর নিরীক্ষা কাজ সম্পন্ন হয়। এছাড়াও এ বিভাগের আওতাধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর(এলজিইডি), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর(ডিপিএইচই), পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ওয়াসা) ও জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউটে (এনআইএলজি) নিরীক্ষা হয়। নিরীক্ষা (অডিট) কাজে প্রয়োজনীয় দলিলপত্র, প্রমাণক ইত্যাদি দিয়ে নিরীক্ষায় সহায়তা প্রদানের জন্য নিরীক্ষাকালীন সময়ে সংস্থা/প্রতিষ্ঠান/দপ্তর/অধিদপ্তরের ক্ষেত্রে নিম্নোক্ত কর্মকর্তাগণ উপস্থিত থাকবেনঃ

- ১। (ক) সিটি কর্পোরেশনের ক্ষেত্রে প্রধান নির্বাহী কর্মকর্তা; (খ) পৌরসভার ক্ষেত্রে প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব; (গ) জেলা পরিষদের ক্ষেত্রে প্রধান নির্বাহী কর্মকর্তা; (ঘ) উপজেলা পরিষদের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার ও (ঙ) ইউনিয়ন পরিষদের ক্ষেত্রে সচিব।
- ২। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এর ক্ষেত্রে : (ক) জেলাসমূহের নিরীক্ষায় নির্বাহী প্রকৌশলী; (খ) প্রকল্পসমূহের ক্ষেত্রে প্রকল্প পরিচালক; (গ) উপজেলা প্রকৌশলীর কার্যালয় এর ক্ষেত্রে উপজেলা প্রকৌশলী ও (ঘ) প্রধান কার্যালয়ের ক্ষেত্রে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন)।
- ৩। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই) এর ক্ষেত্রেঃ (ক) জেলা পর্যায়ে নিরীক্ষায় নির্বাহী প্রকৌশলী; (খ) প্রকল্পসমূহের ক্ষেত্রে প্রকল্প পরিচালক; (গ) উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীর কার্যালয় এর ক্ষেত্রে সহকারী প্রকৌশলী ও (ঘ) প্রধান কার্যালয়ের ক্ষেত্রে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন/প্রশাসন)।
- ৪। পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ওয়াসা) এর ক্ষেত্রে : উপ-ব্যবস্থাপনা পরিচালক (প্রশাসন)।
- ৫। জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) এর ক্ষেত্রে : পরিচালক (প্রশাসন)।

নিরীক্ষাকালীন উপরোল্লিখিত কর্মকর্তাগণ নিরীক্ষা দলের সাথে থেকে নিরীক্ষার সমুদয় কাজ তদারকি/সম্পাদন করবেন। আয়-ব্যয়ের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের জন্য এটি বিশেষ প্রয়োজন। এ নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হল।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারী করা হল এবং এটি অবিলম্বে কার্যকরী হবে।


(আসমা তামকীন)
যুগ্ম সচিব (অডিট)
ফোন-৯৫৪৫০২৫

স্মারক নং- ৪৬.০৪৯.০০২০.০২.০০.০০১.২০১৫-৯৬

তারিখঃ ২০ মার্চ ২০১৬খ্রিষ্টাব্দ।


বিতরণ সদয় কার্যার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

- ৩। মহাপরিচালক এনআইএলজি, আগারগাঁও, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব, (সকল), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল/গাজীপুর/কুমিল্লা/রংপুর/নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
- ৭। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/খুলনা ওয়াসা/রাজশাহী ওয়াসা।
- ৮। বিভাগীয় কমিশনার (সকল).....।
- ৯। পরিচালক, স্থানীয় সরকার(সকল),.....।
- ১০। জেলা প্রশাসক(সকল),.....।
- ১১। প্রধান নির্বাহী কর্মকর্তা(সকল),.....জেলা পরিষদ।
- ১২। মেয়র(সকল),.....পৌরসভা।
- ১৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল),.....উপজেলা পরিষদ।

অনুলিপি সদয় কার্যার্থেঃ

- ১। যুগ্ম সচিব(সকল), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মনণালয়।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৪। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয় ঢাকা(পরিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল)।
- ৫। অফিস কপি।


 (আসিমা তামকীন)
 যুগ্ম সচিব (অডিট)
 ফোন-৯৫৪৫০২৫